২০১৯

বাংলা - প্রথম ভাষা

(নতুন পাঠক্রম)

সময় - ৩ ঘন্টা ১৫ মিনিট

১. সঠিক উত্তরটি নির্বাচন করোঃ [১৭× ১ = ১৭]

১.১ তপনের মেসোমশাই কোন্ পত্রিকায় তপনের লেখা ছাপানোর কথা বলেছিলেন?

(ক)ধ্রুবতারা (খ)শুকতারা (গ)সন্ধ্যাতারা (ঘ)রংমশাল

১.২ “নদেরচাঁদকে পিষিয়া দিয়া চলিয়া গেল”-

(ক)৭ নং ডাউন প্যাসেঞ্জার (খ)৫ নং ডাউন প্যাসেঞ্জার

(গ)৭ নং আপ প্যাসেঞ্জার (ঘ)৫ নং আপ প্যাসেঞ্জার

১.৩ অপূর্বর পিতার বন্ধু হলেন-

(ক)জগদীশবাবু (খ)রামদাস (গ)নিমাইবাবু (ঘ)গিরীশ মহাপাত্র

১.৪ “যেখানে ছিল শহর/সেখানে ছড়িয়ে রইল” -কী ছড়িয়ে রইল ?

(ক)পায়ের দাগ (খ)কাঠকয়লা (গ)গোলাপি গাছন (ঘ)প্রাচীন জলতরঙ্গ

১.৫ আদিম যুগে স্রষ্টার কার প্রতি অসন্তোষ ছিল ?

(ক)দয়াময় দেবতার প্রতি (খ)কবির সংগীতের প্রতি

(গ)নিজের প্রতি (ঘ)ধরিত্রীর প্রতি

১.৬ কোনটি জয় গোস্বামীর লেখা কাব্যগ্রন্থ ?

(ক)বাবরের প্রার্থনা (খ)অগ্নিবীনা

(গ)রূপসী বাংলা (ঘ)পাতার পোষাক

১.৭ রাজশেখর বসুর ছদ্মনাম -

(ক)বনফুল (খ)শ্রীপান্থ (গ)পরশুরাম (ঘ)রূপদর্শী

১.৮ "বাংলা বৈজ্ঞানিক প্রবন্ধবাদিতে আর একটি দোষ" - প্রসঙ্গে প্রাবন্ধিক কোন্ প্রবাদের উল্লেখ করেছেন?

(ক)অরন্যে রোদন (খ)অল্পবিদ্যা ভয়ংকরী

(গ) হাতের পাঁচ (ঘ)হ-য-ব-র-ল

১.৯ চিনারা চিরকালই লেখার জন্য ব্যবহার করে আসছে -

(ক)তুলি (খ)ব্রোঞ্জের শলাকা (গ)হাড় (ঘ)নল-খাগড়া

১.১০ ক্রিয়াপদের সঙ্গে নামপদের সম্পর্ককে বলে -

(ক)সমাস (খ)কারক (গ)প্রত্যয় (ঘ)বিভক্তি

১.১১ 'কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল' -নিম্নরেখ পদটি -

(ক)সম্বোধন পদ (খ)কর্তৃকারক (গ)সম্বন্ধ পদ (ঘ)নিমিত্তকারক

১.১২ যে সমাসে সমাস্যমানব পদ দুটির উভয় পদই বিশেষ্য ও পরপদের অর্থ প্রাধান্য পায়, তাকে বলে-

(ক)তৎপুরুষ সমাস (খ)কর্মধারয় সমাস

(গ)দ্বন্দ্ব সমাস (ঘ)অব্যয়ীভাব সমাস

১.১৩ কৃত্তিবাস রামায়ন রচনা করেন - নিম্নরেখ পদটি কোন্ সমাসের উদাহরন ?

(ক)কর্মধারয় সমাস (খ)তৎপুরুষ সমাস

(গ)বহুব্রীহি সমাস (ঘ)দ্বন্দ্ব সমাস

১.১৪ 'আমাদের মধ্যে যারা ওস্তাদ ওই কালো জলে হএওতকী ঘষত ।'- বাক্যটি কোন্ শ্রেণির ?

(ক)সরল বাক্য (খ)জটিল বাক্য (গ)যৌগিক বাক্য (ঘ)মিশ্র বাক্য

১.১৫ বেড়ালের গলায় ঘন্টা বাঁধবে কে - অর্থগত দিক থেকে এটি -

(ক)না-সূচক বাক্য (খ)সন্দেহবাচক বাক্য

(গ)প্রশ্নবাচক বাক্য (ঘ)প্রার্থনাসূচক বাক্য

১.১৬ ক্রিয়ার অর্থ প্রাধান্য পায় -

(ক)কর্তৃবাচ্যে (খ)ভাববাচ্যে (গ)কর্মবাচ্যে (ঘ)কর্ম-কর্তৃবাচ্যে

১.১৭ তাকে টিকিট কিনতে হয়নি - বাক্যটির কর্তৃবাচ্যের রূপ হল -

(ক) তার টিকিট কেনা হয়নি (খ) তিনি টিকিট কেনেননি

(গ) তাঁর দ্বারা টিকিট ক্রীত হয়নি (ঘ) তিনি বিনা টিকিটে চলেছেন

২. কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাওঃ [১৯× ১ = ১৯]

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ [৪× ১ = ৪]

২.১.১ ‘অদল-বদলের গল্প’ গ্রাম প্রধানের কানে গেলে তিনি কী ঘোষনা করেছিলেন ?

২.১.২ “সপ্তাহে বড়োজোর একটা দিন বহুরূপী সেজে পথে বের হন হরিদা”- বহুরূপী কাকে বলে ?

২.১.৩ ভামো যাত্রায় ট্রেনে অপূর্বের কে কে সঙ্গী হয়েছিল ?

২.১.৪ “সূচিপত্রেও নাম রয়েছে” - সূচিপত্রে কী নাম লেখাছিল ?

২.১.৫ মানিক বন্দোপাধ্যায়ের প্রকৃত নাম কী ?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ [৪× ১ = ৪]

২.২.১ “ছড়ানো রয়েছে কাছে দূরে!”- কী ছড়ানো রয়েছে ?

২.২.২ “ছদ্মবেশী অম্বুরাশি-সুতা” কেন ইন্দ্রজিতের কাছে এসেছিলেন ?

২.২.৩ “সখী সবে আজ্ঞা দিল”- বক্তা তাঁর সখীদের কী আজ্ঞা দিয়েছিলেন ?

২.২.৪ ‘অসুখী একজন’ কবিতাটি কে বাংলায় তরজমা করেছেন ?

২.২.৫ “প্রলয় বয়েও আসছে হেসে”- ‘প্রলয়’ বহন করেও হাসির কারন কী ?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ [৩× ১ = ৩]

২.৩.১ “সোনার দোয়াত কলম যে সত্যই হতো”- তা লেখক কীভাবে জেনেছিলেন?

২.৩.২ দোকানদার লেখককে কলম বিক্রি করার আগে কী জাদু দেখিয়েছিলেন ?

২.৩.৩ ছেলেবেলায় রাজশেখর বসু কার লেখা জ্যামিতি বই পড়তেন ?

২.৩.৪ কলিকাতা বিশ্ববিদ্যালয় কবে পরিভাষা সমিতি নিযুক্ত করেছিলেন ?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাওঃ [৮× ১ = ৮]

২.৪.১ বিভক্তি অ অনুসর্গের একটি পার্থক্য লেখো।

২.৪.২ 'মন্দির বাজছিল পূজার ঘন্টা'- নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৩ ব্যাসবাক্যসহ একটি দ্বন্দ্ব সমাসের উদাহরন দাও।

২.৪.৪ 'মেঘে ঢাকা' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম উল্লেখ করো।

২.৪.৫ বিধেয় প্রসারকের একটি উদাহরন দাও ।

২.৪.৬ 'ঠিক ইসাবের মতো জামাটি না পেলে ও স্কুলে যাবে না ।'- যৌগিক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৭ কর্তৃবাচ্য কাকে বলে ?

২.৪.৮ 'তারা আর স্বপ্ন দেখতে পারল না ।'- ভাববাচ্যে পরিবর্তন করো।

২.৪.৯ অলোপ সমাস কী ?

২.৪.১০ সে তখন যেতে পারবে না - হ্যা বাচক বাক্যে পরিবর্তন করো ।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাওঃ [৩+৩=৬]

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তপ্র দাওঃ [৩× ১ = ৩]

৩.১.১ "যে ভয়ংকর আহ্লাদটা হবার কথা, সে আহ্লাদ খুঁজে পায় না ।'- 'আহ্লাদ' হবার কথা ছিল কেন? 'আহ্লাদ খুঁজে' না পাওয়ার কারন কী ? [১+২]

৩.১.২ "নিজের এই পাগলামিতে যেন আনন্দই উপভোগ করে ।"- কার কথা বলা হয়েছে ?তাঁর 'পাগলামিটি কী ? [১+২]

৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তপ্র দাওঃ [৩× ১ = ৩]

৩.২.১ "অতি মনোহর দেশ"- এই 'মনোহর দেশে'র সৌন্দর্যের পরিচয় দাও। [৩]

৩.২.২ "অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো"- কবি কোথায় অস্ত্র রাখতে বলেছেন ? তাঁর একথা বলার কারন কী ?

৪. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ [৫]

৪.১ 'নদীর বিদ্রোহ' গল্প অবলম্বনে নদীর প্রতি নদেরচাঁদের অকৃত্রিম ভালবাসার পরিচয় দাও ।

৪.২ "অদৃষ্ট কখনও হরিদার এই ভুল ক্ষমা করবে না ।"- হরিদা কী ভুল করেছিলেন ? অদৃষ্ট ক্ষমা নাকরার পরিনাম কী ?

৫. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ [৫]

৫.১ "চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে ।"- 'তোমার' বলতে কার কথা বলা হয়েছে? তাঁর 'অপমানিত ইতিহাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫.২ "অস্ত্রের বিরুদ্ধে গান" কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো ।

৬. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ [৫]

৬.১ "আমরা কালিও তৈরি করতাম নিজেরাই ।"- কারা কালি তৈরি করতেন ? তাঁরা কীভাবে কালি তৈরি করতেন ?

৬.২ "পাশ্চাত্য দেশের তুলনায় এদেশের জনসাধারনের বৈজ্ঞানিক জ্ঞান নগন্য ।"- লেখকের এমন মন্তব্যের কারন কি ?

৭. কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ [৪]

৭.১ "বাংলার এই দুর্দিনে আমাকে ত্যাগ করবেন না ।"- কাদের উদ্দেশ্যে এ কথা বলা হয়েছে ?কোন্ দুর্দিনের জন্য তাঁর এই আবেদন ?

৭.২ "ওখানে কী দেকচ মূর্খ, বিবেকের দিকে চেয়ে দ্যাখো ।"- বক্তা কে ? উদ্দিষ্ট ব্যক্তির প্রতি বক্তার কী মনোভাব লক্ষ্য করা যায় ? [১+৩]

৮. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ [২× ৫ = ১০]

৮.১ "আপনি আমার থেকে চার হাজার গুন বড়োলোক, কিন্তু চার লক্ষ টাকা খরচ করেও আপনি নিজে শরীরটাকে চাকর বানাতে পারবেন না ।"- বক্তা কে ? কাকে, কেন একথা বলেছিলেন ?

৮.২ "এটা বুকের মধ্যে পুষে রাখুক ।"- কী পুষে রাখার কথা বলা হয়েছে ? কী কারনে এই পুষে রাখা?

৮.৩ 'কোনি' উপন্যাসের কাহিনি অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিণী রূপে লীলাবতীর পরিচয় দাও । [৫]

৯. চলিত গদ্য বঙ্গানুবাদ করোঃ [৪]

One day a fox was going beside the vine yard. He saw the ripe grapes hanging from a vine.

He jumped but did not reach it. Because they were beyond his reach.

১০. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ [৫]

১০.১ বৃক্ষরোপন-উপযোগিতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো ।

১০.২ বিদ্যালয়ের একটি সাংস্কৃতিক অনুষ্ঠান বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো ।

১১. কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো [১০]

১১.১ বিজ্ঞান ও কুসংস্কার

১১.২ তোমার প্রিয় ঋতু

১১.৩ ছুটির দিন

১১.৪ বিশ্ব-উষ্ণায়ন

[কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২. কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও(যে-কোনো চারটি)

১২.১ "রত্নের মূল্য জহুরির কাছেই ।"- কোন্ রত্নের কথা বলা হয়েছে ?

১২.২ গিরীশ মহাপাত্রের পকেট থেকে কী কী পাওয়া গিয়েছিল ?

১২.৩ নদেরচাঁদের নদীটি কেমন ছিল ?

১২.৪ "এল মানুষ-ধরার দল"- কীসের জন্য 'মানুষ-ধরার দল' এলো ?

১২.৫ "আসবে ঊষা অরুন হেসে"- 'ঊষা' কখন আসবে ?

১৩. কম-বেশি ৬০টি শব্দের মধ্যে যে-কোনো দূটি পড়শ্নের উত্তর দাও

১৩.১ "ইসাবের মেজাজ চড়ে গেল"- ইসাবের মেজাজ চড়ে গিয়েছিল কেন ? এরেপর সে কী করেছিল ?

১৩.২ “কৈ এ ঘটনা তো আমাকে বল্লেন নি ?”- প্রশ্নটি কার ? ‘ঘটনা’টি কী ছিল ?

১৩.৩ “ছিঁড়িল কুসুমদাম রোষে মহাবলী মেফহ্নাথ”-‘মহবলী মেঘনাথ’ কী কারনে ‘কুসুমদাম’ ছিঁড়লেন তা বুঝিয়ে দাও ।